এই পৃষ্ঠায় ইংল্যাণ্ডের অঙ্গ দান সম্পর্কে আইনের আসন্ন পরিবর্তন সম্পর্কে কিছু সাধারণ প্রশ্নগুলির উত্তর প্রদান করবে।

## কি পরিবর্তন হচ্ছে?

**ইংল্যান্ডে অঙ্গ দান সম্পর্কে আইন পরিবর্তন হচ্ছে।** এর মানে হল বসন্ত ২০20 সাল থেকে, ইংল্যান্ডের সকল প্রাপ্তবয়স্কদের মৃত্যুর সময় তারা অঙ্গ দানকারী হিসাবে বিবেচিত হবেন যদি না তারা অঙ্গদান না করার সিদ্ধান্ত রেকর্ড করেছেন বা বাদ দেওয়া দলের মধ্যে আছেন৷

এটি সাধারণত 'অপ্ট আউট' সিস্টেম হিসাবে পরিচিত৷

আপনি আপনার সিদ্ধান্ত রেকর্ড করতে পারেন অরগান ডোনর রেজিসটার এ।

যাদের বাদ দেওয়া হবে :

- ১৮ বছরের কম বয়সী যারা
- ইংল্যান্ডে যারা ১২ মাসেরও কম সময় ধরে বসবাস করছেন বা যারা এখানে স্বেচ্ছায় বসবাস করে না
- যাদের পরিবর্তন বুঝতে পারার ক্ষমতা নেই৷

পরিবর্তনের আয়ত্তে থাকা প্রাপ্তবয়স্ক এখনও বিবেচনা করতে পারেন তারা অঙ্গ দান করতে চান কিনা এবং কোন অঙ্গ দান করবেন, এবং অঙ্গ দানে এগিয়ে যাওয়ার আগে তাদের পরিবার এখনও জড়িত হবে৷

## কোন গ্রুপ এই পরিবর্তন থেকে বাদ দেওয়া হবে?

- ১৮ বছরের কম বয়সী যারা
- যাদের নতুন ব্যবস্থা বোঝার মতো এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মানসিক ক্ষমতার অভাব রয়েছে
- ইংল্যান্ডে ঘুরতে এসেছেন, এবং যারা স্বেচ্ছায় এখানে বসবাস করছেন না
- যারা মৃত্যুর আগে ১২ মাসের কম সময়ের জন্য ইংল্যান্ডে বসবাস করেছেন

## কেন আমদের একটি অপ্ট আউট সিস্টেমের প্রয়োজন আছে?

অঙ্গ দান নিয়ে অসাধারণ অগ্রগতি হয়েছে কিন্তু এখনও দাতাদের অভাব আছে৷ প্রতি বছর UK তে ট্রান্সপ্লান্ট ওয়েটিং লিস্টে থাকা শত শত মানুষ মারা যায়৷

আমাদের অগ্রগতি চালিয়ে যাওয়ার জন্য, জনসাধারণের মনোভাবের রূপান্তর দরকার। ১0 টি পরিবারের ৬ টিরও বেশি অঙ্গ অঙ্গ দানের সাথে একমত কিন্তু রোগীর প্রয়োজন মেটাতে আমাদের অন্তত ১০ টি পরিবারের ৮ টির সহায়তার প্রয়োজন জীবন বাঁচাতে এবং উন্নত করতে।

ওয়েলসের সর্বশেষ প্রমাণগুলি দেখায় যে ২০১৫ সালে তারা অপ্ট আউট সিস্টেম চালু করার পরে সম্মতি হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। আমরা ইংল্যান্ডে একই অগ্রগতি দেখতে আগ্রহী।

## অপ্ট আউট সিস্টেম কখন শুরু হবে?

অপ্ট আউট সিস্টেম কার্যকর হবে বসন্ত ২০২০ থেকে। নতুন পদ্ধতি বাস্তবায়িত করার সঠিক তারিখ এখনো সরকার নিশ্চিত করেনি৷

ইংল্যান্ডে অঙ্গ দান প্রায় আইন পরিবর্তন আইন সংসদীয় প্রক্রিয়ার মাধ্যমে গৃহীত হয়েছে এবং রয়েল অ্যাসেন্ট পেয়েছে।

পরিবর্তন অবিলম্বে কার্যকর হবে না এবং পরিবর্তনগুলি সম্পর্কে জনগণকে জানানোর জন্য প্রচুর সময় আছে কিনা তা নিশ্চিত করা হবে৷ এটি মানুষকে অরগান ডোনার হওয়ার সিদ্ধান্ত নেওয়ার সময় দেবে এবং তাদের পরিবার ও বন্ধুদের সাথে এই সিদ্ধান্তটি ভাগ করে নেওয়ার জন্য সময় দেবে৷

## যদি আমি অপ্ট আউট না করি তবে আপনি স্বয়ংক্রিয়ভাবে আমার অঙ্গগুলি গ্রহণ করবেন?

না। অঙ্গ দান শুধুমাত্র কয়েকটি ক্ষেত্রেই ঘটতে পারে। তে প্রতি বছর প্রায় ৫00,000 মানুষ মারা যায়, তবে তাদের মধ্যে প্রতি ১00 জনে মাত্র ১ জন তাদের অঙ্গ দান করতে সক্ষম হয়। কেউ মৃত্যুর পর খুব শীঘ্রই ট্রান্সপ্ল্যান্ট করা যেতে পারে এবং অঙ্গ টি ব্যবহারযোগ্য অবস্থায় থাকতে হবে , তাই ডোনর কেবলমাত্র এমন ব্যক্তি হতে পারে যারা হাসপাতালের আই.সি.ইউ ইউনিটে থাকা কালীন বা এ এন্ড ই বিভাগে মারা গেছেন। এই সীমাবদ্ধতার কারণে, প্রতি সম্ভাব্য দাতা মূল্যবান।

আপনার অঙ্গ দানের আগে আপনার পরিবারকে যোগাযোগ করা হবে। অঙ্গ দান প্রক্রিয়ার বিষয়ে আপনার পরিবারের যেকোনো প্রশ্নের উত্তর দেওয়া হবে, আপনার বিশ্বাস বা সংস্কৃতিকে সম্মান দেওয়া হবে হবে তা সহ। এটা খুবই গুরুত্বপূর্ণ আপনি দাতা হতে চান কিনা এবং এই বিষয়ে আপনার পরিবারকে জানান। আপনার পরিবারের সাথে আপনার সিদ্ধান্ত আলোচনা করুন তারা যাতে আপনার মতামতকে সম্মানিত করতে নিশ্চিত করতে পারেন।

## আমি কি আমার দেহে নিয়ে কি করা হবে তার নিয়ন্ত্রণ হারিয়ে ফেলছি?

না। আপনি যদি অঙ্গ দাতা হতে চান তবে এটি আপনার জন্য চয়ন করা হবে। এবং যদি আপনি দান করতে না চান তবে এনএইচএস অরগান ডোনার রেজিস্টারে আপনার পছন্দগুলি দ্রুত এবং সহজেই আপডেট করতে পারেন | এটি করার দ্রুততম এবং সহজ উপায় অনলাইন। যদি আপনার ইন্টারনেট অ্যাক্সেস না থাকে তবে আপনি আমাদের সাথে যোগাযোগ করতে পারেন এই নম্বরে 0300 123 23 23।

আপনি যে কোনও সময়ে এনএইচএস অরগান ডোনার রেজিস্টারে আপনার পছন্দগুলি দ্রুত এবং সহজেই আপডেট করতে পারেন। অনুমতি ছাড়া কারোর অঙ্গ নেওয়া হবে না।

অঙ্গ দানের আগে আপনার পরিবার সাথে সবসময় পরামর্শ করা হবে। অঙ্গ দান প্রক্রিয়ার বিষয়ে আপনার পরিবারের যেকোনো প্রশ্নের উত্তর দেওয়া হবে, আপনার বিশ্বাস বা সংস্কৃতিকে কীভাবে সম্মানিত করা যায় তা সহ। এটা খুবই গুরুত্বপূর্ণ আপনার পরিবার এবং বন্ধুদের আপনার পছন্দ জানেন। এটি আপনার পছন্দকে সম্মান জানাতে, সেটি যাই হোক না কেন, তাদের জন্য সহজ করে তোলে।

## এখনও আমার পরিবারের অনুমতি নেওয়া হবে কি?

হ্যাঁ। পরিবার সাথে অঙ্গ দান সম্পর্কে পরামর্শ করা হবে। এইটার অনেকগুলি কারণ আছে:

- বিবেচনা করা যে তারা পরিবারের নিকটবর্তী কারোকে হরাতে চলেছে;
- পরিবারের কাছে অঙ্গ দান সম্পর্কে সাম্প্রতিকতম সিদ্ধান্তের বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য থাকতে পারে যা এনএইচএস অরগান ডোনার রেজিস্টারে নেই
- পারিবারিক সহায়তা আমাদের বিশেষজ্ঞ নার্সের জন্য অঙ্গ দান সম্পরর্কে গুরুত্বপূর্ণ তথ্য উপলব্ধ করতে সহায়তা করে, যেমন তাদের চিকিৎসা, ভ্রমণ এবং সামাজিক ইতিহাস | অঙ্গ দানের আগে পরিবারগুলি যে তথ্য প্রদান করে তা, চিকিৎসা নোট এবং অন্যান্য পরীক্ষার মাদ্ধমে একজন ব্যক্তির অঙ্গ অন্য কারো মধ্যে প্রতিস্থাপনের জন্য নিরাপদ কিনা তা বোঝার জন্য অপরিহার্য।

অঙ্গ বা টিস্যু দানের সম্ভাবনা থাকে যদি তবে আপনার পরিবার সাথে সবসময় যোগাযোগ করা হবে। যদি আপনি ইতিমধ্যে দান সম্পর্কে সিদ্ধান্ত নিয়েছেন এবং আপনার পরিবারের সাথে এটি ভাগ করেছেন তবে তারা আপনার সিদ্ধান্তকে সমর্থন করবে বলে আশা করা হবে।

যদি আপনি কোন ভাবেই কোন সিদ্ধান্ত রেকর্ড না করে থাকেন বা আপনি বাদ দেওয়া গ্রুপে নেই, আপনার পরিবারকে যোগাযোগ করা হবে এবং জিজ্ঞাসা করা হবে আপনার অঙ্গ দান সিদ্ধান্ত সম্পর্কে কোন তথ্য আছে তাদের কাছে আছে কিনা | কোন তথ্য পাওয়া না গেলে, এটা বিবেচনা করা হবে যে আপনি আপনার অঙ্গ দান করতে সমর্থন জানিয়েছেন এবং আপনার পরিবার আপনার সিদ্ধান্তকে সমর্থন করবে বলে আশা করা হবে।

১৮ বছরের কম বয়সী এবং মানসিক ক্ষমতার অভাব যারা নতুন আইন থেকে বাদ দেওয়া হয়েছে , কিন্তু তারা এখনও এনএইচএস অরগান ডোনারে তাদের সিদ্ধান্ত রেকর্ড করতে পারে। আলোচনার সময় এই তথ্য পরিবারের কাছে উপলব্ধ করা হবে। বাদ দেওয়া গোষ্ঠীর মানুষের কাছ থেকে অঙ্গ দান করার চূড়ান্ত সিদ্ধান্ত তাদের পরিবারের , তবে বিশেষজ্ঞ নার্স রেকর্ডে যা সিদ্ধান্ত আাছে তা গ্রহণের সিদ্ধান্ত নিতে উত্সাহিত করবে।

## এই পরিবর্তন আমার সন্তানদের প্রভাবিত করবে কি?

অপ্ট আউট সিস্টেম ১৮ বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। যেখানে ১৮ বছরের কম বয়সী কারো জন্য অঙ্গ দান সিদ্ধান্ত প্রয়োজন সেখেত্রে পরিবারকে সেই সিদ্ধান্ত নেওয়ার এবং সম্মতি প্রদানের জন্য বলা হবে।

এনএইচএস অরগান ডোনার রেজিস্টারে সবার জন্য বয়স নির্বিশেষে সবার জন্য খোলা। যদি একটি শিশু বা সন্তানের অভিভাবক তাদের সিদ্ধান্ত রেজিস্টার করতে চায়, তাদের জন্য বিকল্প রয়েছে। অঙ্গ দান দান বিশেষজ্ঞ নার্স এনএইচএস অরগান ডোনার রেজিস্টারের তথ্য জানবেন ও অঙ্গ দানের সম্ভাবনা সম্পর্কে পরিবারের সাথে কথা বলতে পারেন।

## আমার অন্ত্যেষ্টিক্রিয়া পরিকল্পনা প্রভাবিত হবে কি?

আমাদের বিশেষজ্ঞ নার্স সবসময় বিবেচনা করেন ওপরিবারের সঙ্গে কথা বলেন যে বিশ্বাস বা সংস্কৃতি অনুযায়ী অন্ত্যেষ্টিক্রিয়া সম্পর্কে কি পরিকল্পনা আছে। উদাহরণস্বরূপ, একটি দ্রুত কবর বা খোলা কস্কেট।

অত্যন্ত দক্ষ পেশাদার একজন দাতার অঙ্গগুলি সরানোর অস্ত্রোপচার করেন একই যত্ন, মনোযোগ ও শ্রদ্ধার সাথে,যা একজন রোগীর জীবন রক্ষা করার জন্য করে থাকেন। শল্যচিকিত্সার পর শল্যচিকিৎসার জায়গাগুলি যত্নসহকারে ঢাকা দেওয়া হয় এবং শেষ ইচ্ছা অনুযায়ী শরীরের ওয়াশিং এবং ড্রেসিং করা হয়।

অনেক দাতার ই খোলা কস্কেট অন্ত্যেষ্টিক্রিয়া হয়ে থাকে।

## আমি কিছুই না করলে কি হবে?

একবার ইংল্যান্ডে নতুন সিস্টেম কার্যকর হলে, আপনি যদি দান ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত না নেন এবং বাদ দেওয়া গোষ্ঠীতে না থাকেন তাহলে আপনি অঙ্গ দান করার জন্য সম্মত হবে বলে মনে করা হবে। তাই আপনি যদি কোন অঙ্গ দাতা হতে রেকর্ড নাও করে থাকেন তবে আপনার মতামত তা আপনার পরিবারকে জানানো গুরুত্বপূর্ণ।

আপনার যদি কোন অঙ্গগুলি আপনি দান করতে চান বা চান না সে বিষয়ে নির্দিষ্ট নির্দেশাবলী থাকে তা এনএইচএস অরগান ডোনার রেজিস্টারে রেকর্ডের সময় এই তথ্য প্রদান করতে হবে।

এমন পরিস্থিতিতে মারা গেলে, যেখানে আপনার কিছু অঙ্গ বা সমস্ত অঙ্গ দান করা সম্ভব তাহলে সবসময় আপনার পরিবারকে জিজ্ঞাসা করা হবে। আপনার অঙ্গ তাদের সম্মতি ছাড়া দান করা হবে না।

যদি আপনি ইতিমধ্যে এনএইচএস অরগান ডোনার রেজিস্ট্রারে আপনার অঙ্গ দান করার সিদ্ধান্ত রেকর্ড করেছেন, এবং এখনো আপনার পরিবারকে জানান নি, দয়া করে তাদের জানান।

আপনি অরগান ডোনার রেজিস্ট্রারে অপ্ট আউট সিদ্ধান্ত নিয়েছেন তাহলে আপনার পরিবারকে অবশ্যই এই সিদ্ধান্ত সম্পর্কে জানান।

## আমি কি আমার মতামত বদল করতে পারি?

আপনি যদি আপনার সিদ্ধান্ত আপডেট বা পুনর্নির্মাণ করতে চান, আপনি Amend your details ফর্ম সম্পূর্ণ করতে পারেন বা ফোন করুন 0300 123 23 23।

আপনার পরিবারের সাথে অঙ্গ দাতা হতে আপনার সিদ্ধান্ত ভাগ করা গুরুত্বপূর্ণ। এটি তাদের আরও আস্থা দেবে যে তারা জানে যে আপনি দান করতে চান এবং আপনার সিদ্ধান্তকে সম্মান করা তাদের পক্ষে আরও সহজ হবে।

## এনএইচএস অরগান ডোনার রেজিস্টর কি?

এনএইচএস অরগান ডোনার রেজিস্টর এমন একটি ডেটাবেস যা সকলের বিবরণ ধারণ করে ও তারা অঙ্গ দান করতে চান কি চান না তা রেকর্ড করে। এনএইচএস অরগান ডোনার রেজিস্টারে রেজিস্টার করা এবং আপনার পরিবারকে জানানো, আপনার মৃত্যুর পর আপনার সিদ্ধান্তকে সম্মানিত করার সেরা উপায়।

আইন পরিবর্তন সম্পর্কে কারো সাথে কথা বলতে চাইলে দয়া করে আমাদের ডেডিকেটেড লাইনে কল করুন: **0300 303 ২094 | এই সেবা শুধুমাত্র ইংরেজি পাওয়া যায় দয়া করে নোট করুন।**